

# যুগান্তর

## গুচ্ছের 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা শুরু

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ১০ মে ২০২৪, ১১:০৮:১৮ | [অনলাইন সংস্করণ](#)



ফাইল ছবি

গুচ্ছভুক্ত ২৪ বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের স্নাতক ব্যবসায় শিক্ষা শাখার (সি ইউনিট) ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। শুক্রবার বেলা ১১টায় এ পরীক্ষা শুরু হয়। চলবে দুপুর ১২টা পর্যন্ত।

'সি' ইউনিটের পরীক্ষায় অংশ নিতে আবেদন করেছেন ৪০ হাজার ১১৬ জন ভর্তিচ্ছু। দেশের ২৪টি বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য 'সি' ইউনিটভুক্ত শিক্ষার্থীদের ৩ হাজার ৬২৯টি আসন রয়েছে।

জিএসটি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর সমন্বিত ভর্তি কমিটির আহ্বায়ক ও যবিপ্রবি উপাচার্য মো. আনোয়ার হোসেন বলেন, আমরা ইতোমধ্যে 'এ' ও 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও নির্বিঘ্নে সম্পন্ন করেছি। আগের পরীক্ষাগুলোয় কোথাও কোনো অসংগতি পাওয়া যায়নি।

তিনি আরও বলেন, আশা করি, 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষাও কঠোর নিরাপত্তা ও অত্যন্ত শান্তিপূর্ণভাবে সব কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। কয়েক দিন আগেও যে তীব্র তাপপ্রবাহ ছিল, তা এখন কমেছে। আশা করি, পরীক্ষার্থীরা সুন্দরভাবে পরীক্ষা সম্পন্ন করবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

